## সখিপুর ইউসিসি এ লিঃ টাঙ্গাইল এর এর নির্বাচন কমিটির ২য় সভার কার্যবিবরণী

স্থান: ইউসিসিএ এর কার্যালয়
তারিখ: ১২/০৯/২০২৪ইং
সময়: দুপুর ১২.০০ঘটিকা
হতে বেলা ০৩.০০ঘটিকা

উপস্থিত নির্বাচন কমিটির সদস্যদের নাম ও স্বাক্ষরঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ শহিদুল্লাহ ভূঁইয়া<br>পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, টাঙ্গাইল। | সভাপতি<br>নির্বাচন কমিটি/২০২৪<br>সখিপুর ইউসিসিএ লিঃ | |
| ০২ | জনাব রতন কুমার<br>পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, টাঙ্গাইল। | সদস্য<br>নির্বাচন কমিটি/২০২৪<br>সখিপুর ইউসিসিএ লিঃ | |
| ০৩ | জনাব মোঃ বাহারুল ইসলাম<br>সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সখিপুর, টাঙ্গাইল। | সদস্য<br>নির্বাচন কমিটি/২০২৪<br>সখিপুর ইউসিসিএ লিঃ | ১১/০৯/২৪ |

আলোচ্য সূচীঃ
০১) বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২) সখিপুর ইউসিসিএ লিঃ এর সখিপুর, টাঙ্গাইল এর আগামী ১৭/১০/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচন উপলক্ষে সখিপুর ইউসিসিএ লিঃ সখিপুর, টাঙ্গাইল এর নির্বাচনের তফসিল প্রকাশ।

বিস্তারিতঃ অদ্যকার সভায় নির্বাচন কমিটির সভাপতি জনাব মোঃ শহিদুল্লাহ ভূইয়া, নির্বাচন কমিটি-২০২৪, সখিপুর ইউসিসিএ লিঃ সখিপুর, টাঙ্গাইল ও পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, টাঙ্গাইল সভাপতিত্ব করেন। সভার শুরুতে কুশলাদি বিনিময় করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভার কাজ শুরু করার জন্য সহকারী পরিদর্শক জনাব মোঃ বাহারুল ইসলাম কে অনুমতি প্রদান করেন।

আলোচনাঃ অদ্যকার সভায় নির্বাচন কমিটির সভাপতি, ০২(দুই) জন নির্বাচন কমিটির সদস্য, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সহকারী পল্লী উন্নয়ন অফিসার উপস্থিত হন। এ সভায় সভাপতির অনুমতি ক্রমে নির্বাচন কমিটির সদস্য জনাব মোঃ বাহারুল ইসলাম জানান যে, সখিপুর ইউসিসি এ লিঃ এর সখিপুর, টাঙ্গাইল এর আগামী ১৭/১০/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচন উপলক্ষ্যে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৭ বিধি মোতাবেক নির্বাচন তফসিল প্রণয়ন করা হয়েছে। সখিপুর ইউসিসিএ লিঃ এর সম্মানিত সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির ২৫/০৭/২০২৪ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৭/১০/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ০৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ও বিশেষ সাধারন সভা ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৪ বিআরডিবি হল রুমে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, উক্ত নির্বাচনে ইউসিসিএ উপ-আইন মোতাবেক ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি ও ০৬ (ছয়) জন সদস্য সহ সর্বমোট ০৮ (আট) টি পদে ০৮ (জন) জন প্রার্থী সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন। জেলা সমবায় অফিসার, টাঙ্গাইল মহোদয়ের আদেশ নং-১১৭২/১(৭), তারিখঃ ১১/০৯/২০২৪ খ্রিঃ মূলে নিয়োগকৃত নির্বাচন কমিটির ১১/০৯/২০২৪ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নরূপভাবে ইউসিসিএ লিঃ এর নির্বাচন-২০২৪ এর নির্বাচনী তফসিল ঘোষনা করা হল ঃ

## নির্বাচনী তফসিল-২০২৪

| ক্রমনং | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১। | মনোনয়ন পত্র বিতরন | ১৮/০৯/২০২৪ খ্রি.<br>১৯/০৯/২০২৪ খ্রি. | সকাল ১০:০০ টা হতে<br>বেলা ০১:০০ টা পর্যন্ত | নির্বাচন কমিটির নিকট হতে বিআরডিবি হলরুম, সখিপুর, টাঙ্গাইল। |
| ২। | মনোনয়ন পত্র জমা গ্রহণ | ২৩/০৯/২০২৪ খ্রি. | সকাল ১০:০০ টা হতে<br>বেলা ০১:০০ টা পর্যন্ত | নির্বাচন কমিটির নিকট হতে বিআরডিবি হলরুম, সখিপুর, টাঙ্গাইল। |
| ৩। | মনোনয়ন পত্র বাছাই (প্রার্থীদের উপস্থিতিতে যদি কেহ উপস্থিত থাকেন) | ২৪/০৯/২০২৪ খ্রি. | সকাল ১১:০০ টা হতে | নির্বাচন কমিটির নিকট হতে বিআরডিবি হলরুম, সখিপুর, টাঙ্গাইল। |
| ৪। | বৈধ/বাতিলকৃত প্রার্থীদের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ২৫/০৯/২০২৪ খ্রি. | বেলা ১১:০০ টা | বিআরডিবি হলরুম/সমিতির নোটিশ বোর্ড। |
| ৫। | বৈধ/বাতিলকৃত মনোনয়নপত্রের বিরুদ্ধে আপীল আবেদন গ্রহণ | ২৬/০৯/২০২৪ খ্রি.<br>২৯/০৯/২০২৪ খ্রি. | অফিস চলাকালীন সময় | বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা বিভাগ, আগারগাঁও, ঢাকা-১২০৭ |
| ৬। | আপীলের শুনানী গ্রহণ ও আপিলের রায়/সিদ্ধান্ত | ৩০/০৯/২০২৪ খ্রি.<br>০১/১০/২০২৪ খ্রি.<br>০২/১০/২০২৪ খ্রি. | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা বিভাগ, আগারগাঁও, ঢাকা-১২০৭ |
| ৭। | বৈধ প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ | ০৩/১০/২০২৪ খ্রি. | সকাল ১০:০০ টা | বিআরডিবি হলরুম/সমিতির নোটিশ বোর্ড |

SHOT ON REDMI Y3
AI DUAL CAMERA

স্মারক নং- ৪৭.৬১.৯৩০০.০০০.৩৫.৪২১.৯৯.- ১১৭২/১(৭)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। জনাব মো. ........................................................ সভাপতি

০২। সদস্য সচিব ও উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি:, সখিপুর, টাঙ্গাইল।

০৩। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি ... উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

০৪। উপজেলা ...

| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | প্রার্থীতা পত্র প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | ০৩/১০/২০২৪ খ্রি. | বেলা ১১:০০ টা হতে বেলা ০১:০০ টা পর্যন্ত | বিআরডিবি হলরুম। প্রার্থী সশরীরে উপস্থিত হতে হবে। |
| ০৯। | একক প্রার্থী/বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) | ০৬/১০/২০২৪ খ্রি. | বেলা ১০.০০ টা | বিআরডিবি হলরুম/সমিতির নোটিশ বোর্ড |
| ১০। | প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ ও চূড়ান্ত তালিকা প্রকাশ | ০৬/১০/২০২৪ খ্রি. | বেলা ১১:০০ টা হতে | বিআরডিবি হলরুম/সমিতির নোটিশ বোর্ড |
| ১১ | ভোট গ্রহণ | ১৭/১০/২০২৪ খ্রি. | সকাল ১০:০০ টা হতে বেলা ০৪:০০ টা পর্যন্ত | বিআরডিবি হলরুম। |
| ১২ | ভোট গণনা ও ফলাফল প্রকাশ | ১৭/১০/২০২৪ খ্রি. | ভোট গ্রহণ শেষে | বিআরডিবি হলরুম। |

## প্রতীকসমূহঃ

| ক্রম নং | পদের নাম | প্রতীকসমূহ |
|---|---|---|
| ০১ | সভাপতি পদের জন্য | চেয়ার, ছাতা, মটর সাইকেল, আনারস, গোলাপফুল, উড়োজাহাজ। |
| ০২ | সহ-সভাপতি পদের জন্য | মোরগ, চাকা, মোমবাতি, হরিণ, দোয়াত কলম, চশমা। |
| ০৩ | ব্যবস্থাপনা কমিটির সদস্য পদের জন্য (০৬) জন | আম, টিয়াপাখি, মাছ, টেবিল, বোতল, হারিকেন, তালা, মই, দেয়াল-ঘড়ি, বাইসাইকেল, খেজুর গাছ, কলসী, বৈদ্যুতিক পাখা, কাপ-পিরিচ, মিনার, ঘুড়ি, ফুটবল, প্রজাপতি, হাঁস, বটগাছ, হাতি, টেলিভিশন, টিউবওয়েল, রিক্সা, মাইক। |

## সখিপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি ( সখিপুর ইউসিসিএ ) লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৪ খ্রি. সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়

১) সখিপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর আগামী ১৭/১০/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে সদস্য সমিতি কর্তৃক প্রার্থী প্রেরণের ক্ষেত্রে প্রার্থীকে যে পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য মনোনয়ন প্রদান করা হয়েছে, প্রাথমিক সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণীতে তা উল্লেখ্য থাকতে হবে। সখিপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন পত্রের ফি জমার রশিদ প্রদর্শন সাপেক্ষে নির্বাচন কমিটির নিকট হতে নির্ধারিত মনোনয়ন পত্র সংগ্রহ করতে হবে।

২) সখিপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর আগামী ১৭/১০/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদান করার জন্য ভোটার/প্রতিনিধি কে ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সহ-সভাপতি ও সদস্য (পরিচালক) পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট প্রাথমিক ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ক্ষমতা প্রাপ্ত হতে হবে। উক্ত ক্ষমতা প্রদান সংক্রান্ত প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণীর ছায়ালিপিসহ, প্রার্থীর পাসপোর্ট সাইজ ছবি, সমবায় সমিতি বিধিমালা-২০০৪ এর ফরম-৮ পুরণ করে সংশ্লিষ্ট সমিতির সভাপতি/ম্যানেজার কর্তৃক সত্যায়িত এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৩) প্রার্থীগণের মনোনয়ন ফরম যথাযথভাবে পুরণ করত সংশ্লিষ্ট প্রাথমিক সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি/ম্যানেজার কর্তৃক সত্যায়িত এবং জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং পুরনকৃত মনোনয়নপত্র ফরমের সাথে প্রার্থীর জাতীয় পরিচয় পত্রের অনুলিপিতে প্রার্থীর মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে।

৪) সখিপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর আগামী ১৭/১০/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীকে সমবায় সমিতি আইন,২২০১ (সংশোধিত,২০০২ ও ২১৩) এর ১৮(৮), ১৯ ও ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৪ ও ৮৮(৩) বিধি অনুযায়ী উক্ত নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্য কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট প্রাথমিক সমবায় সমিতির কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরনীতে সুষ্টভাবে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৫) প্রতিনিধি/প্রার্থী নির্বাচন অনুষ্ঠানের পূর্ববর্তী ০৩ (তিন) বৎসর যাবত অব্যাবহতভাবে সংশ্লিষ্ট প্রাথমিক সমবায় সমিতির সদস্য না থাকেন এবং উক্ত ০৩(তিন) বৎসরে অনুষ্ঠিত সংশ্লিষ্ট প্রাথমিক সমিতির অন্যূন দুটি বার্ষিক সাধারণ সভায় উপস্থিত না থাকেন, তবে তিনি নির্বাচনের জন্য অযোগ্য হবেন।

৬) মনোনয়নপত্র ফরম যাচাই-বাছাইকালে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও সংশোধিত,২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর সংশ্লিষ্ট ধারা ও বিধি যথাযথভাবে অনুসরন করা হবে।

৭) যে সকল সমিতির প্রতিনিধি হিসাবে নির্বাচনে অংশ গ্রহণের ইচ্ছা প্রকাশ করেন সেই সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক লিখিতভাবে ক্ষমতা প্রাপ্ত না হলে প্রার্থী (তিনি) নির্বাচনের অযোগ্য হবেন।

৮) প্রাথমিক বা কেন্দ্রীয় সমবায় সমিতির প্রতিনিধি হিসাবে কোন ব্যক্তি কেন্দ্রীয় বা জাতীয় সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে একবার প্রার্থী হইলে পরবর্তীতে প্রথমোক্ত সমিতির প্রতিনিধি ব্যতিত অন্য কোন সমিতির প্রতিনিধি হিসাবে উল্লিখিত কেন্দ্রীয় বা জাতীয় বা অন্য কোন কেন্দ্রীয় বা জাতীয় সমিতির নির্বাচনে অংশ গ্রহণ করিতে পারিবেন না।

৯) কোন ব্যক্তি সমবায় সমিতি, ব্যাংক বা আর্থিক প্রতিষ্টান হইতে ব্যক্তিগত পর্যায়ে গৃহিত বা জামানত প্রদানের মাধ্যমে অন্যকে দেওয়া ঋণ, অগ্রিম কিংব কোন পণ্যেও মূল্য বা অন্য কোন সেলামী পাওনার খেলাপী অংশ মনোনয়ন পত্র দাখিলের পুর্বে সম্পুর্ন পরিশোধ না করা পর্যন্ত কোন সমবায় সমিতি নির্বাচনে অংশগ্রহনের যোগ্য হইবে না।

১০) ঋন খেলাপী সদস্য সমিতির খেলাপী ঋণের ৭৫% মনোনয়ন দাখিলের পুর্বে পরিশোধ না করা পর্যন্ত এবং নির্বাচন অনুষ্টানের পূর্ববর্তী ০২(দুই) বৎসরে বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদনে অকার্যকর হিসাবে চিহ্নিত বা অবসায়নে ন্যস্ত কিংবা নিবন্ধন বাতিল হইয়াছে এই ধরণের কোন সদস্য সমিতির কেন্দ্রীয় জাতীয় সমবায় সমিতিরত নির্বাচনে অংশ গগ্রহণ কিংবা অংশ গ্রহণের নিমিত্তে প্রতিনিধি মনোনয়ন করিতে পারিবেন না।

১১) সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ২৮ (২) বিধি অনুযায়ী প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্র ফরমের সাথে দেওয়া তথ্যে সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপযুক্ত পদ্ধতি গ্রহন করতে পারবে।

১২) একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী আবেদন করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবে।

১৩) কোন পদে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর সংখ্যা নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহের অধিক হলে পুনরায় অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে। এ ব্যক্তি একাধিক পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেনা।

১৪) নির্বাচনী তফসিল মোতাবেক প্রার্থীতা প্রত্যাহারের পর কোন পদে একজন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা,২০ (সংশোধিত,২০২০) এর ৩২(১) বিধি মোতাবেক উক্ত প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষনা করা হবে।

SHOT ON REDMI Y3
AI DUAL CAMERA

[illegible]) উক্ত নির্বাচন সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও সংশোধিত,২০১৩), সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) ও সমিতির নিবন্ধিত উপ-আইন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

১৬) মনোনয়নপত্র ফরম যাচাই-বাছাইকালে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও সংশোধিত,২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর সংশ্লিষ্ট ধারা ও বিধি যথাযথভাবে অনুসরন করা হবে।

১৭) সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ২৮ (২) বিধি অনুযায়ী প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্র ফরমের সাথে দেওয়া তথ্যের সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপযুক্ত পদ্ধতি গ্রহন করতে পারবে।

১৮) কোন পদে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর সংখ্যা নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহের অধিক হলে পুনরায় অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে। একই ব্যক্তি একাধিক পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেনা।

১৯) নির্বাচনী তফসিল মোতাবেক প্রার্থীতা প্রত্যাহারের পর কোন পদে একজন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ৩২(১) বিধি মোতাবেক উক্ত প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষনা করা হবে।

২০) নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীগনকে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ওসংশোধিত,২০১৩) এর ১৮(৮), ১৯ ধারা ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ২৪ বিধি অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্য হতে হবে।

২১) সমিতির সদস্য তালিকা বহিতে উল্লেখিত সদস্য সংক্রান্ত তথ্য ব্যতিত অন্য কোন তথ্য দ্বারা মনোনয়নপত্র পুরণ করা হলে মনোনয়নপত্র বাতিল বলে গন্য হবে।

২২) নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত সরবরাহকৃত মনোনয়নপত্র ব্যতিত অন্য কোন মনোনয়নপত্র গ্রহনযোগ্য হবে না।

২৩) নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

২৪) নির্বাচনী কার্যক্রমে সরকার ঘোষিত স্বাস্থ্য বিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২৫) নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

উপরোক্ত তফসিল এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তফসিল ঘোষনার সাথে সাথে ঘোষিত তফসিলটি সকল প্রাথমিক সমতির ব্যবস্থাপনা কমিটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ এবং নির্বাচনের তফসিলটি ব্যাপক প্রচারের জন্য সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, সখিপুর ইউসিসিএ লিঃ, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সচিব সখিপুর ইউসিসিএ লিঃ কে অনুরোধ করা হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ শহিদুল্লাহ ভূঁইয়া)
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৪
সখিপুর ইউসিসিএ লিঃ
সখিপুর, টাঙ্গাইল।

SHOT ON REDMI Y3
AI DUAL CAMERA